

ছাত্ররাজনীতি বন্ধের

প্রথম পৃষ্ঠার পর রাষ্ট্রদূত ড্রাকে মাইকে প্রেসসচিব অফিসে কমান্ড অর্ডার প্রমুখ উপস্থিত ছিলেন। পররাষ্ট্রসচিবদের বৈঠক: জার্মান পররাষ্ট্রসচিব রাইনহার্ড জিলবাবাক গতকাল বুধবার রাষ্ট্রীয় অতিথি ভবন মেয়াদে পররাষ্ট্রসচিব তৌহিদ হোসেনের সঙ্গে দ্বিপাক্ষীয় বৈঠক করেন। পর যৌথ সংবাদ প্রিফিংয়ে জার্মান পররাষ্ট্রসচিব বলেন, নিষেধ অর্থনৈতিক মন্ত্রিসভা চললেও বাংলাদেশের নতুন সরকারকে সর্বোচ্চ সহায়তা নিতে প্রতিশ্রুতিবদ্ধ জার্মানি। তিনি বলেন, আমরা যেসব দেশের সঙ্গে কাজ করি, সেসব দেশ আন্তর্জাতিক অর্থনৈতিক মন্ত্রীর কারণে দুর্বোপের শিকার হোক, তা আমরা চাই না।

পররাষ্ট্রসচিবের সঙ্গে প্রায় দেড় ঘণ্টা

পক্ষে নন প্রধানমন্ত্রী

স্থায়ী বৈঠকে দুই দেশের দ্বিপাক্ষীয় সম্পর্ক সম্প্রসারণ ছাড়াও বাণিজ্য, বিনিয়োগ, অনুদান, আন্তর্জাতিক ক্ষেত্রে সহযোগিতাসহ বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। পরে জার্মান পররাষ্ট্রসচিব সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, আমরা বর্তমান সরকারকে সর্বোচ্চ সহযোগিতা করব এবং পর্যায়ক্রমে সহযোগিতা আরও বাড়াব।

বাংলাদেশে জার্মানির বিনিয়োগ প্রমুখ পররাষ্ট্রসচিব জিলবাবাক বলেন, বিনিয়োগ করে বেসরকারি কোম্পানি। এ ক্ষেত্রে আমরা কী করতে পারি। তবে বিনিয়োগের প্রবাহ বাড়ানোর উদ্যোগ নেওয়া যেতে পারে।

জার্মানিতে বাংলাদেশি পণ্য রপ্তানির বিষয়ে প্রশ্ন করা হলে জার্মান পররাষ্ট্রসচিব বলেন, জার্মানি ও ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বাংলাদেশের বাণিজ্য উন্নত রয়েছে। আমরা বাংলাদেশকে বুঝই সুন্দর করে দেখছি।

বাংলাদেশি পণ্য আমদানির ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের পরই জার্মানির অবস্থান। দুই দেশের মধ্যে বার্ষিক বাণিজ্যের পরিমাণ প্রায় ২০০ কোটি ইউরো।

তরুণত পররাষ্ট্রসচিব তৌহিদ হোসেন জানান, জার্মানি বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধু দেশ। বিভিন্ন ক্ষেত্রে জার্মানি বাংলাদেশকে সহযোগিতা দিতে আসছে। তাঁর সঙ্গে দুই দেশের দ্বিপাক্ষীয় ও অর্থনৈতিক সম্পর্ক উন্নয়নের বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

ছাত্ররাজনীতি বন্ধের

পক্ষে নন প্রধানমন্ত্রী

জার্মানির পররাষ্ট্র সচিবের সাক্ষাৎ

কূটনৈতিক প্রতিবেদক •

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি বন্ধের পক্ষে তিনি নন। তিনি বলেন, আমি নিজেও ছাত্ররাজনীতির সঙ্গে জড়িত ছিলাম। আর ছাত্ররা রাজনীতি করবে এতে আমি দোষের কিছু দেখছি না। কিন্তু তাদের ডানকা ইতিবাচক ও পঠনমূলক হওয়া বাঞ্ছনীয়। এ ক্ষেত্রে তিনি ছাত্রদের সামাজিক-সাংস্কৃতিক ও জাতি পঠনমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন।

গতকাল বুধবার ঢাকা সফররত জার্মান পররাষ্ট্রসচিব রাইনহার্ড জিলবাবাক সৌজন্য সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী তাঁকে এ কথা বলেন। জার্মান পররাষ্ট্রসচিব তিন দিনের সফরে গত মঙ্গলবার ঢাকায় আসেন। গতকাল তিনি পররাষ্ট্রমন্ত্রী ডা. দীপু মনির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এদিন তিনি পররাষ্ট্রসচিব তৌহিদ হোসেনের সঙ্গে আনুষ্ঠানিক বৈঠক করেন।

বৈঠক শেষে প্রধানমন্ত্রীর উপপ্রেস-সচিব মারোয়ার আলম হাফিজিত এক বিবৃতিতে জানানো হয়, প্রধানমন্ত্রী আরও বলেছেন, আমরা স্নাতক ডিগ্রি পর্যন্ত শিক্ষা অবৈতনিক করার প্রতিশ্রুতি দিচ্ছি। কারণ শিক্ষা ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়।

জাতীয় সংসদে তেপুটি শিপকারের পদ প্রধান বিরোধী দলকে দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, তিনি শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করেছিলেন। কিন্তু বিরোধী দল কোনো প্রস্তাব দেয়নি।

প্রধানমন্ত্রী জার্মান পররাষ্ট্রসচিবকে জানান, ছাতিসংঘের সহযোগিতায় তাঁর সরকার দুর্ভাগ্যবাদের বিচার করবে।

সৌজন্য সাক্ষাৎের সময় জার্মান পররাষ্ট্রসচিব বলেন, জার্মানি বাংলাদেশের জ্বালানি বাতের উন্নয়নে, বিশেষ করে নবায়নযোগ্য পৌরবিন্যুৎ খাতে সহায়তা দেবে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব কর্ণী আমিনুল ইসলাম! ঢাকায় জার্মানির এরপর পৃষ্ঠা ১৩ কলাপ ৩